ঢাকা উত্তর সিটি কর্পোরেশন
প্লট-২৩-২৬, রোড-৪৬, গুলশান-২, ঢাকা।
www.dncc.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের নভেম্বর/২০২৩ মাসের আন্তঃবিভাগীয় সমন্বয় সভার কার্যবিবরণী।

সভাপতি	: জনাব মোঃ আতিকুল ইসলাম, মাননীয় মেয়র, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
তারিখ	: ২২ কার্তিক ১৪৩০ বঙ্গাব্দ ।। ৭ নভেম্বর ২০২৩
সময়	: বিকাল ০৪.৩০ ঘটিকায়
স্থান	: হল রুম ৬ষ্ঠ তলা, নগর ভবন, গুলশান-২, ঢাকা-১২১২।

সভায় উপস্থিতির তালিকা পরিশিষ্ট "ক"

১.১ সভাপতির অনুমতিক্রমে প্রধান নির্বাহী কর্মকর্তা সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। তিনি বলেন, নিয়মের মধ্যে থেকে শতভাগ কাজ আদায়ে মাননীয় মেয়র মহোদয়ের নেতৃত্বে নানামুখী চ্যালেঞ্জ মোকাবেলা করে যাচ্ছে ডিএনসিসি। প্রত্যেক বিভাগের কাজ পর্যালোচনা এবং কর্পোরেশনের কাজে গতিশীলতা আনয়ণের লক্ষ্যে সমন্বয় সভা অত্যন্ত গুরুত্বপূর্ণ। এ পর্যায়ে তিনি সভায় সূচনা বক্তব্য প্রদানের জন্য সভার সভাপতি মাননীয় মেয়র, ঢাকা উত্তর সিটি কর্পোরেশনকে অনুরোধ করেন।

১.২ সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে বক্তব্য শুরু করেন। তিনি এ সভা উপস্থিত থাকার জন্য অর্থ ও সংস্থাপন স্থায়ী কমিটির সম্মানিত সভাপতি এবং সদস্যগণসহ সংশ্লিষ্ট সকলকে আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করেন। তিনি বলেন, অফিসে উপস্থিতি নিশ্চিত করার জন্য Face Detector স্থাপনের জন্য গত সভায় বলা হলেও এখনো তা হয়নি। তিনি প্রথমে নগর ভবন থেকে Face Detector এর মাধ্যমে হাজিরা গ্রহণ শুরু করার নির্দেশনা প্রদান করেন। এরপর পর্যায়ক্রমে আঞ্চলিক কার্যালয়ে Face Detector স্থাপন করতে বলেন।

সভাপতি আরো বলেন, সচিবালয় নির্দেশনা মোতাবেক যে কোন চিঠি ০৩ (তিন) কার্যদিবস এর মধ্যে নিষ্পন্ন করতে হবে। কোন কর্মকর্তা/কর্মচারীর নিকট ০৩ (তিন) কার্যদিবসের বেশি চিঠি অনিষ্পন্ন থাকলে তার বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। তিনি অনিষ্পন্ন পত্রের যথাযথ কার্যক্রম গ্রহণ করতঃ ০৯/১১/২০২৩খ্রি: এর মধ্যে সম্পন্ন করার নির্দেশনা প্রদান করেন।

সভাপতি বলেন, গত আন্তঃবিভাগীয় সভার সিদ্ধান্ত অনুসারে বিভাগীয় প্রধানগণ নিজ নিজ দপ্তরের কার্যক্রম পরিদর্শন করে প্রতিবেদন দাখিল করার কথা থাকলেও তা হয় নাই। আগামী ১২/১১/২০২৩খ্রি: তারিখ এর মধ্যে পরিদর্শন প্রতিবেদন দাখিল করার নির্দেশনা প্রদান করেন।

পর্যাপ্ত সরঞ্জামাদি থাকা সত্ত্বেও ঢাকা উত্তর সিটি কর্পোরেশন এলাকায় অগ্নিকান্ডের ঘটনা ঘটলে সংশ্লিষ্ট অঞ্চলের আঞ্চলিক নির্বাহী কর্মকর্তাগণ প্রয়োজনীয় নিরাপত্তা সরঞ্জাম (যেমন: হেলমেট, গামবুট, টর্চ, নেট ইত্যাদি) ঘটনাস্থলে পৌছাতে ব্যর্থ হয়েছেন। যথাযথ ব্যবহারের অভাবে মূলবান নিরাপত্তা সরঞ্জামাদি পড়ে থেকে নষ্ট হচ্ছে।

সচিব, ডিএনসিসি সভাকে জানান যে, আর্কাইভ নামে একটি সরকারি প্রতিষ্ঠান থাকায় ডিএনসিসি'র অপ্রয়োজনীয় নথিপত্র সংরক্ষণের জন্য আর্কাইভ এর পরিবর্তে রেকর্ডরুম নামকরণ করা যেতে পারে। আগামী ৩০ নভেম্বর ২০২৩খ্রি: এর মধ্যে রেকর্ডরুম প্রস্তুত করা জন্য প্রধান প্রকৌশলী বরাবরে পত্র প্রদান করা হয়েছে এবং ০১ ডিসেম্বর ২০২৩খ্রি: তারিখে হতে নথিপত্র স্থানান্তরের কার্যক্রম শুরু হবে। এই ০১ (এক) মাসের মধ্যে আঞ্চলিক নির্বাহী কর্মকর্তাগণ স্ব স্ব অঞ্চলের নথিপত্র

ট্রাঙ্কে ভরে প্রস্তুত রাখবেন। ইতিমধ্যে কেন্দ্রীয় রেকর্ডরুম তত্ত্বধান করার জন্য ০২ (দুই) জন কর্মকর্তাকে নিয়োজিত করে অফিস আদেশ জারি করা হয়েছে।

২.০ সভার সিদ্ধান্ত:

বিস্তারিত আলোচনা শেষে সভায় নিম্নবর্ণিত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়:

<table>
<tr><th>ক্রম</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়ন</th></tr>
<tr><td>১.</td><td>আগামী সপ্তাহ থেকে বিভাগীয় প্রধানগণ আঞ্চলিক কার্যালয় সমূহ পরিদর্শন করে লিখিত প্রতিবেদন দাখিল করবেন। প্রয়োজন মনে করলে এক অঞ্চল একাধিকবার পরিদর্শন করবেন।</td><td>সচিব, ডিএনসিসি।</td></tr>
<tr><td>২.</td><td>(ক) ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের বিভিন্ন দপ্তরের প্রাপ্ত পত্রের সংখ্যা, নিষ্পত্তিকৃত পত্রের সংখ্যা এবং চলমান পত্রের সংখ্যা নিম্নোক্ত ছকের মাধ্যমে উল্লেখ করতে হবে এবং এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।
<table>
<tr><td>বিভাগ/ অঞ্চলের নাম</td><td>প্রাপ্ত পত্রের বর্তমান অবস্থা</td><td colspan="4">কত দিন অনিষ্পন্ন</td><td>বিষয়</td></tr>
<tr><td></td><td></td><td>৩ মাস</td><td>৬ মাস</td><td>১ বছর</td><td>২ বছর</td><td></td></tr>
<tr><td></td><td></td><td></td><td></td><td></td><td></td><td></td></tr>
</table>
(খ) মাননীয় মেয়র কর্তৃক সময় সময়ে প্রদত্ত বিভিন্ন কার্যক্রমের নির্দেশনা এবং উদ্ভাবনী ধারণা বাস্তবায়নের অগ্রগতি নিম্নোক্ত ছকের মাধ্যমে জানাতে হবে।
<table>
<tr><td>বিভাগ/ অঞ্চলের নাম</td><td>নির্দেশনা/ উদ্ভাবনী ধারণার বিবরণ</td><td>নির্দেশনা/ উদ্ভাবনী ধারণার বর্তমান অবস্থা</td><td>বাস্তবায়নের সম্ভাব্য তারিখ</td></tr>
<tr><td></td><td></td><td></td><td></td></tr>
</table>
(গ) প্রকৌশল বিভাগ বড় হওয়ায় উক্ত বিভাগ হতে তথ্য প্রাপ্তির জন্য একাধিক ভাগে ভাগ করতে হবে।</td><td>বিভাগীয় প্রধান (সকল), ডিএনসিসি।
আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (সকল)</td></tr>
<tr><td>৩.</td><td>Face Detector ক্রয় করে কর্মকর্তা/কর্মচারীদের হাজিরা নিশ্চিত করা হবে। প্রথমে নগর ভবন, পরে পর্যায়ক্রমে আঞ্চলিক কার্যালয়ে শুরু করা হবে।</td><td>প্রধান প্রকৌশলী, ডিএনসিসি।</td></tr>
<tr><td>৪.</td><td>আগামী রবিবার এর মধ্যে নিজ নিজ দপ্তর পরিদর্শন করে নিজ দপ্তরের চিঠি পত্রের বিপরীতে গৃহীত কার্যক্রমের প্রতিবেদন প্রস্তুত করে রাখবেন। কোন দপ্তরে চিঠিপত্র ০৩ (তিন) দিনের বেশি অনিষ্পন্ন অবস্থায় রাখা যাবে না। থাকলে সংশ্লিষ্ট ডেস্ক অফিসারকে দায়ী করা হবে।</td><td>বিভাগীয় প্রধান (সকল), ডিএনসিসি।</td></tr>
<tr><td>৫.</td><td>যে সমস্ত ওয়ার্ড এ STS এর সমস্যা আছে তাদের কে সম্মানিত কাউন্সিলর জনাব জাকির হোসেন বাবু, ওয়ার্ড নং-১৮ এর সাথে যোগযোগ করে সমাধানের ব্যবস্থা করতে হবে। কার্যালয়ের যে কোন সমস্যার জন্য সংশ্লিষ্ট ডিএনসিসি'র স্থায়ী কমিটির সভাপতির সাথে আলোচনা করতে হবে।</td><td>প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা, ডিএনসিসি।
প্রধান সম্পত্তি কর্মকর্তা, ডিএনসিসি
প্রধান প্রকৌশলী, ডিএনসিসি।</td></tr>
<tr><td>৬.</td><td>মোহম্মদপুরে Eco Hydrolic Park কার্যক্রম বাস্তবায়নের জন্য দ্রুত ব্যবস্থা গ্রহণ করতে হবে।</td><td>প্রধান সম্পত্তি কর্মকর্তা, ডিএনসিসি
প্রধান প্রকৌশলী, ডিএনসিসি।</td></tr>
<tr><td>৭.</td><td>ট্রাক টার্মিনাল, বালুর মাঠে পার্ক নির্মাণ দ্রুত বাস্তবায়ন করতে হবে।</td><td>প্রধান সম্পত্তি কর্মকর্তা, ডিএনসিসি।</td></tr>
<tr><td>৮.</td><td>৮১, গুলশান এভিনিউতে বানিজ্যিক ভবন এবং ৯০ নং রোড এর রাজস্ব ভবনে দ্রুত মেয়র ভবন নির্মাণের উদ্যোগ গ্রহণ করতে হবে।</td><td>প্রধান প্রকৌশলী, ডিএনসিসি।
প্রধান সম্পত্তি কর্মকর্তা, ডিএনসিসি।</td></tr>
<tr><td>৯.</td><td>মোহাম্মদপুর টাউন হলে অঞ্চল-৫ এর আঞ্চলিক কার্যালয় কাম কমপ্লেক্স নির্মাণ করতে হবে।</td><td>প্রধান প্রকৌশলী, ডিএনসিসি।
প্রধান সম্পত্তি কর্মকর্তা, ডিএনসিসি।</td></tr>
</table>

১০.	Tour Guide এ উত্তরের সকল Heritage Site লিপিবদ্ধ করতে হবে।	প্রধান নগর পরিকল্পনাবিদ, ডিএনসিসি।
১১.	মিরপুর-২, আঞ্চলিক কার্যালয় এ ভাঙ্গা দেয়াল মেরামত করতে হবে। নিরাপত্তা ব্যবস্থা জোরদার করার জন্য ১০ (দশ) জন আনসার নিয়োগ প্রদান করতে হবে। দাহ্য পদার্থ থাকার বিষয়টি সংশ্লিষ্ট থানাকে অবহিত করতে হবে এবং পর্যাপ্ত অগ্নি নির্বাপক সরঞ্জাম সরবরাহ করতে হবে।	প্রধান প্রকৌশলী, ডিএনসিসি।
১২.	কম জনবল দ্বারা বেশি এলাকার গাছে পানি দেয়া যায় এরূপ গাড়ির ব্যবস্থা করতে হবে।	প্রধান প্রকৌশলী, ডিএনসিসি।
১৩.	Elevator Expressway এর নিচে খালি জায়গায় পার্ক, খেলার মাঠ প্রস্তুত করতে হবে।	প্রধান সম্পত্তি কর্মকর্তা, ডিএনসিসি। প্রধান প্রকৌশলী, ডিএনসিসি। প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা, ডিএনসিসি। প্রধান নগর পরিকল্পনাবিদ, ডিএনসিসি।
১৪.	আগামী ৫০ (পঞ্চাশ) বছর পর ঢাকা শহর কেমন হবে তার Master Plan তৈরি করতে হবে।	প্রধান নগর পরিকল্পনাবিদ, ডিএনসিসি।
১৫.	উত্তরা হাজি ক্যাম্প, কসাই বাড়ি সংলগ্ন সংকীর্ণ রাস্তা প্রশস্তকরণে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা হবে।	প্রধান প্রকৌশলী, ডিএনসিসি। প্রধান সম্পত্তি কর্মকর্তা, ডিএনসিসি।
১৬.	আইন বিভাগ এর তথ্যাদি ডাটাবেজে লিপিবদ্ধকরণ দ্রুত শেষ করতে হবে।	আইন কর্মকর্তা, ডিএনসিসি সিস্টেম এনালিস্ট, ডিএনসিসি।
১৭.	প্রতিটি আঞ্চলিক কার্যালয়ের ওয়্যার হাউসে ফায়ার ড্রিল করতে হবে। ওয়্যার হাউসে দুর্যোগকালীন প্রয়োজনীয় সমস্ত সরঞ্জাম প্রস্তুত রাখতে হবে। যাতে যেকোন দুর্ঘটনায় ব্যবহার করা যায়। ফায়ার ড্রিলের সময় সংশ্লিষ্ট সম্মানিত কাউন্সিলর ও সংরক্ষিত আসনের কাউন্সিলরদের উপস্থিতি নিশ্চিত করতে হবে। অগ্নিকান্ডের ঘটনা ঘটলে সংশ্লিষ্ট অঞ্চলের আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা প্রয়োজনীয় নিরাপত্তা সরঞ্জামাদি প্রত্যেকটি (যেমন: হেলমেট, গামবুট, টর্চ, নেট ইত্যাদি) ২০ টি করে ঘটনাস্থলে পৌঁছাবেন।	আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (সকল)
১৮.	অপ্রয়োজনীয় নথি ও কাগজপত্র ট্রাঙ্কে সংরক্ষণ করতে হবে এবং ১লা ডিসেম্বর, ২০২৩ হতে কেন্দ্রিয় রেকর্ডরুমে স্থানান্তর করতে হবে।	বিভাগীয় প্রধান (সকল), ডিএনসিসি।
১৯.	ডিএনসিসি'র নিজস্ব গাড়ি সমুহের পর্যাপ্ত নিরাপত্তার ব্যবস্থা করতে হবে।	মহাব্যবস্থাপক, পরিবহন, ডিএনসিসি।
২০.	ডিএনসিসি'র মার্কেটগুলো উন্নয়নের কার্যক্রম দ্রুত সময়ের মধ্যে সম্পন্ন করতে হবে।	প্রধান সম্পত্তি কর্মকর্তা, ডিএনসিসি।

আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

মোঃ আতিকুল ইসলাম
মেয়র
ঢাকা উত্তর সিটি কর্পোরেশন
ও
সভাপতি
আন্তঃবিভাগীয় সমন্বয় সভা

নং: ৪৬.১০.০০০০.০০৬.০৬.২৬৫.২০২০. — ৯৪০ তারিখ: ১৭।১১।২৫

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
২. সম্মানিত কাউন্সিলর, সাধারণ ওয়ার্ড নং ..../সংরক্ষিত আসন নং ...., ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৩. বিভাগীয় প্রধান (সকল), ... ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৪. আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (সকল), অঞ্চল .... ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৫. মেয়র মহোদয়ের সদয় অবগতির জন্য তাঁর একান্ত সচিব, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৬. সহকারী সচিব, সংস্থাপন-১ ও ২, ঢাকা উত্তর সিটি কর্পোরেশনে।
৭. অফিস কপি।